

সমাজকল্যাণ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২১-১১-২০২১খ্রি।

সময় : দুপুর ১২:০০ টা।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্রীনগর এর অফিস কক্ষ।

সভাপতি : জনাব রেহানা বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।


সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা বিবরণী: (পরিশিষ্ট - 'ক')

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তিনি উপজেলা সমাজসেবা অফিসার ও কমিটির সদস্য সচিবকে সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানানো হয়।

কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার সভাকে অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা বেস্টনি কর্মসূচির আওতায় ক্ষুদ্রঋণ কার্যক্রম সরকারের সমাজসেবা অধিদফতর কর্তৃক মাঠ পর্যায়ে জেলা শহর ও উপজেলাসমূহের মাধ্যমে বাস্তবায়ন হচ্ছে। এর ধারাবাহিকতায় শ্রীনগর উপজেলায় সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাভুক্ত ক্ষুদ্রঋণ কর্মসূচিসমূহের মধ্যে 'পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস), পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) ও এসিডদন্ধ প্রতিবেদীদের পুনর্বাসন নামে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এই কর্মসূচি শ্রীনগর উপজেলার ১৪ (চৌদ্দ) ইউনিয়নের পল্লী অঞ্চলে বসবাসরত দারিদ্র জনগোষ্ঠিকে আর্থসামাজিকভাবে সাবলম্বি করার লক্ষ্যে সমাজসেবা অধিদফতর তথা উপজেলা সমাজসেবা কার্যালয়, শ্রীনগর নিরালসভাবে কাজ করে যাচ্ছে। উক্ত ঋণ কার্যক্রম বাস্তবায়নের জন্য এ উপজেলায় ০৫ (পাঁচ) জন ইউনিয়ন সমাজকর্মী কর্মরত রয়েছে। ০১ (এক) জন ইউনিয়ন সমাজকর্মীর দায়িত্বে ০৩ (তিন) করে ইউনিয়ন। এই ০৩ (তিন) টি ইউনিয়নে ভাতা, ক্ষুদ্রঋণ ও স্বচ্ছসেবী সংস্থাসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করতে হয়। ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে কিছু উপকারভোগী আছে যারা কিস্তির অর্থ সঠিক সময়ে পরিশোধ না করে বিভিন্ন অজুহাত দেখায়। এতে করে প্রশাসনিক মন্ত্রণালয়ে বিভিন্ন সময়ে জবাবদিহি করতে হয়। যে সকল ঋণগ্রহিতারা সময় মত কিস্তি পরিশোধ করা না তাদেরকে কিস্তি প্রদানে উদ্বুদ্ধ করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানসহ প্রত্যেক ওয়ার্ড সদস্যকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা যেতে পারে।

সিদ্ধান্ত : উপস্থাপিত বিষয়ে পর্যালোচনান্তে আগামী উপজেলা সমন্বয় কমিটির সভায় ইউনিয়ন ভিত্তিক ঋণ খেলাপীদের তালিকাসহ উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হ'ল। ঋণ খেলাপীদের তালিকা প্রাপ্তির পর সংশ্লিষ্ট সকল ইউনিয়নের চেয়ারম্যানদেরকে অবগত করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ পত্র দেয়া হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসারকে অত্র সভা অনুরোধ জানায়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্ত ঘোষণা করেন।



(রেহানা বেগম)

ভাইস চেয়ারম্যান (মহিলা)

ও

সভাপতি

সমাজকল্যাণ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটি

শ্রীনগর, মুন্সীগঞ্জ।

2023/2024-2025/2026
2023/2024-2025/2026

2023/2024-2025/2026

2023/2024-2025/2026

2023/2024-2025/2026

2023/2024-2025/2026

2023/2024-2025/2026

2023/2024-2025/2026

2023/2024-2025/2026

2023/2024-2025/2026

2023/2024-2025/2026

2023/2024-2025/2026

2023/2024-2025/2026

2023/2024-2025/2026

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৪১.২৩.৫৯৮৪.০০০.০৬.২৫২.১২-২৭৪/৪৪

তারিখ- ১৪-১১-২০২১খ্রি.।

‘সভার নোটিশ’

আগামী ২১-১১-২০২১খ্রি. তারিখ দুপুর ১২:০০ টায় সমাজকল্যাণ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির এক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'ল।

(মাফুজা পারভীন চৌধুরী)
উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব
সমাজকল্যাণ বিষয়ক উপজেলা স্থায়ী
কমিটি, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
০২. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
০৩. চেয়ারম্যান, বাঘড়া ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
০৪. চেয়ারম্যান, ভাগ্যকূল ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
০৫. অফিস কপি।